সমকাল

তারিখ ... 0 9 MAR 2017 ...
পৃষ্ঠা ...8... কলাম ...2...

# শিক্ষার মান অর্জনই এখন বড় চ্যালেঞ্জ

—শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার মান অর্জনই এখন সবচেয়ে বড় চ্যালেঞ্জ। এ জন্য ভালো মানের শিক্ষকের ঘাটতি রয়েছে। তবে শিক্ষার মানোন্নয়নে বাংলাদেশের প্রচেষ্টা অব্যাহত থাকবে। উচ্চশিক্ষার মানোন্নয়নে সংসদে বাংলাদেশ অ্যাক্রিডিটেশন কাউন্সিল বিল, ২০১৭ পাস হয়েছে। গতকাল বুধবার রাজধানীর বিশ্বসাহিত্য কেন্দ্র মিলনায়তনে 'সেকেন্ডারি এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাকসেস এনহান্সমেন্ট প্রজেক্ট (সেকায়েপ)' আয়োজিত এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, 'প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে এনরোলমেন্ট হার বৃদ্ধি পেয়েছে, ঝরেপড়ার হার অনেক কমেছে। তবে বিদ্যালয় থেকে ঝরেপড়া এখনও একটি বড় সমস্যা।' শিক্ষাক্ষেত্রে মেয়েদের অগ্রগতি বৈপ্লবিক উল্লেখ করে তিনি বলেন, 'শুধু সংখ্যার দিক থেকে নয়, সাম্প্রতিক বছরগুলোতে মেয়েরা পড়ালেখায়ও ছেলেদের চেয়ে ভালো করেছে।'

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের (মাউশি) মহাপরিচালক প্রফেসর ড. এস এম ওয়াহিদুজ্জামানের সভাপতিত্বে সেমিনারে অন্যান্যের মধ্যে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য আবদুল কুদ্দুস, গোলাম মোস্তফা, সেলিম উদ্দিন তরফদার ও মামুনুর রশিদ, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. সোহরাব হোসাইন এবং বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ উপস্থিত ছিলেন।

সেমিনারে ফিলিপাইন শিক্ষা সফরের ওপর প্রতিবেদন উপস্থাপন করেন সেকায়েপ প্রকল্পের পরিচালক ড. মো. মাহামুদ-উল-হক এবং থাইল্যান্ড শিক্ষা সফরের ওপর প্রতিবেদন উপস্থাপন করেন কারিগরি ও মাদ্রাসা বিভাগের যুগ্ম সচিব সফিউদ্দিন আহমদ।